

১১ জুলাই ২০২১

### প্রেস বিজ্ঞপ্তি

নারায়ণগঞ্জের রূপগঞ্জে সেজান জুস কারখানায় ভয়াবহ অগ্নিকান্ডে দায়ের করা জনস্বার্থ মামলায় আহত শ্রমিকদের প্রয়োজনীয় চিকিৎসাব্যয় নিশ্চিত করা ও তাদের বর্তমান শারীরিক অবস্থা উল্লেখ করে একটি তালিকা তৈরী করার মৌখিক নির্দেশ দিয়েছেন আদালত

আজ রবিবার, ১১ জুলাই ২০২১ ইং তারিখ, নারায়ণগঞ্জের রূপগঞ্জে সেজান জুস কারখানায় ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনার প্রেক্ষিতে দায়ের করা জনস্বার্থ মামলায় আদালত বর্তমানে চিকিৎসাধীন আহত শ্রমিকদের প্রয়োজনীয় চিকিৎসাব্যয় নিশ্চিতকরণ ও তাদের বর্তমান শারীরিক অবস্থা উল্লেখ করে একটি তালিকা পেশ করার বিষয়ে সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয় এবং সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে জরুরী ভিত্তিতে অ্যাটর্নি জেনারেল কে আলোচনা করার জন্য ডেপুটি অ্যাটর্নি জেনারেল এর প্রতি মৌখিক নির্দেশনা প্রদান করেন।

সুষ্ঠু তদন্ত, দায়ীদের বিচার, ক্ষতিগ্রস্তদের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ এবং চিকিৎসাধীন ব্যক্তিদের পর্যাপ্ত চিকিৎসাব্যয় প্রদানের দাবীতে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত জনস্বার্থ বিষয়ক মামলার শুনানী শেষে মাননীয় বিচারপতি জনাব এম এনায়েতুর রহিম এর সমন্বয়ে গঠিত ভারুয়াল বেঞ্চ জানান যে, সেজান জুস ফ্যাক্টরিতে অগ্নিকান্ডের ঘটনাটি আদালত গভীরভাবে সার্বক্ষণিক পর্যবেক্ষণ করছেন। আদালত উল্লেখ করেন, ইতোমধ্যে মালিকপক্ষ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ প্রদান এবং আহত ব্যক্তিদের চিকিৎসাব্যয় প্রদানের আশ্বাস প্রদান করেছেন বলে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়েছে - যদি এর ব্যত্যয় পরিলক্ষিত হয় তবে আদালত পুনরায় এই বিষয়টি বিবেচনা করবেন। শ্রম আইন ও শিশু আইন লংঘন করে কারখানায় যে শিশুদের নিয়োগ দেয়া হয়েছে বিষয়টি আদালতের নজরে আনা হয়।

### পটভূমি:

চারটি মানবাধিকার সংস্থা যথাক্রমে বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), আইন ও সালিশ কেন্দ্র (আসক), বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতি (বেলা) এবং সেইফটি এন্ড রাইটস সোসাইটি (এসআরএস) যৌথভাবে এই জনস্বার্থ বিষয়ক মামলা দায়ের করে। রিট আবেদনে নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে দেশে বিদ্যমান আইন বিশেষত অগ্নি নিরোধ সম্পর্কিত আইন এবং বিল্ডিং কোড সমূহের যথাযথ প্রয়োগের ক্ষেত্রে বিবাদীগণের ব্যর্থতাকে চ্যালেঞ্জ করা হয়েছে। উল্লেখ্য গত ৮ই জুলাই, ২০২১ ইং তারিখে সেজান জুস কারখানায় ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনায় ৫২ জন শ্রমিক নিহত হন।

ভার্সুয়াল শুনানীতে আবেদনকারীর পক্ষে অংশগ্রহণ করেছেন সিনিয়র অ্যাডভোকেট জেড আই খান পান্না, ব্যারিস্টার সারা হোসেন, ব্যারিস্টার অনিক আর হক, অ্যাডভোকেট এস এম রেজাউল করিম, অ্যাডভোকেট নিনা গোস্বামী অ্যাডভোকেট সাইদ আহমেদ কবির। তাদের সহায়তা করেন অ্যাডভোকেট শাহিনুজ্জামান শাহীন ও ব্যারিস্টার শারমিন আক্তার। বিবাদীর পক্ষে অংশগ্রহণ করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল সমরেন্দ্রনাথ বিশ্বাস।

আরো তথ্যের জন্য [communication@blast.org.bd](mailto:communication@blast.org.bd) এ যোগাযোগ করুন, অথবা ব্লাস্টর ওয়েবসাইট ([www.blast.org.bd](http://www.blast.org.bd)) ভিজিট করুন।

বার্তা প্রেরক:  
কমিউনিকেশন বিভাগ